NYC Department of Education

চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-832

বিষয়: **শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা**

শ্রেণি: **শিক্ষার্থীবৃন্দ**

ইস্যুর তারিখ: 23 **অক্টোবর,** 2019

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 21 অগাস্ট, 2013 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-832 কে রহিত করে। এটি শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং বুলি করার অভিযোগ দায়ের, তদন্ত এবং মীমাংসার পদ্ধতি প্রতিষ্ঠা করে।

পরিবর্তনসমূহ

- ডিপার্টমেন্ট ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ("DOE's") শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি সংক্রান্ত নীতির সাথে সম্পর্কিত ভাষার ব্যাখ্যা দেয়। (সেকশন I. A-F)
- প্রতিশোধ সংক্রান্ত DOE-এর নীতির ব্যাখ্যা প্রদান করে এবং সেটা হলো, শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করার ব্যাপারে রিপোর্ট করায় অথবা তদন্তে অংশগ্রহণের কারণে কোন ব্যক্তির বিরুদ্ধে কোন প্রতিকূল পদক্ষেপ গ্রহণকে প্রতিশোধমূলক বিবেচনা করা হবে। প্রতিশোধের ঘটনা তদন্ত করা হবে এবং যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। (সেকশন l. B)
- বুলি এব হয়রানির সংজ্ঞা সম্পর্কে স্বচ্ছ ধারণা দেয়। (সেকশন I.E)
- ব্যাখ্যা করে যে বৈষম্যকরণ, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন এবং/অথবা বুলি শুধু একটি স্বতন্ত্র্য ঘটনা হতে পারে কিংবা ধারাবাহিক সম্পর্কযুক্ত ঘটনা হতে পারে। (সেকশন I.F)
- যেসব আচরণের দ্বারা বৈষম্যকরণ, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন এবং/অথবা বুলি করা হয়, সেগুলোর উদাহরণকে সম্প্রসারণ করা হয়েছে। (সেকশন I.F.2).
- ব্যাখ্যা দেয়ে যে, রেসপেক্ট ফর অল (সবার জন্য মর্যাদা, "RFA") লিঁয়াজোকে অবশ্যই একজন লাইসেন্সধারী প্রশাসক, সুপারভাইজর, টিচার, গাইডেন্স কাউন্সেলর, স্কুল সাইকোলজিস্ট, অথবা সোশ্যাল ওয়ার্কার হবেন যিনি স্কুলে পূর্ণ-কালীন (ফুল-টাইম) কাজ করেন। (সেকশন II. B)
- কথিত শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করার জন্য লিখিত অভিযোগ/রিপোর্ট করার ফর্ম হালনাগাদ করে এবং একটি হাইপারলিংক/url দিয়ে সংযুক্তি 2-কে প্রতিস্থাপন করে। (সেকশন II.C)
- উল্লেখ করে যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই অভিযোগ/রিপোর্টিং ফর্ম-এর ছাপানো কপি তাৎক্ষণিকভাবে লভ্য থাকা নিশ্চিত করতে হবে। (সেকশন II.C)

A-832 শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা 23-10-19

- উল্লেখ করে যে, স্টাফ ছাড়া শিক্ষার্থী, পিতামাতা এবং অন্য যে কোনো ব্যক্তি শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা মৌখিক বা লিখিতভাবে বুলিং-এর বিষয়ে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি, RFA লিঁয়াজো, কিংবা আপর কোনো স্টাফদের কারও কাছে, অথবা অনলাইন পোর্টালে অভিযোগ/রিপোর্ট ফর্ম জমা দিয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। (সেকশন II.D)
- ব্যাখ্যা দেয় যে, যে শিক্ষার্থী বিশ্বাস করে যে, তারা অন্য শিক্ষার্থীদের দ্বারা বৈষম্য, হয়রানি, ভয়-ভীতি এবং/অথবা বুলির শিকার হয়েছে, অথবা যে শিক্ষার্থী এধরনের ঘটনা ঘটতে দেখেছে বা তার কাছে এ ধরনের ঘটনার তথ্য আছে, তাকে ঘটনার কথা জানাতে হবে। (সেকশন II.E)
- ব্যাখ্যা দেয় যে, শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল-কর্মী ব্যতীত অন্য ব্যক্তিগণ অজ্ঞাতনামা হিসেবে শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং-এর বিষয়ে রিপোর্ট করতে পারেন, এবং এ ধরনের রিপোর্ট এই প্রবিধানে বেঁধে দেওয়া প্রক্রিয়া অনুসারে সেসব রিপোর্টের তদন্ত হবে এবং যতটা সম্ভব অজ্ঞাতনামান ব্যক্তির কাছ থেকে তথ্য পাওয়া গেছে বলে গৃহীত হবে। (সেকশন II.G)
- ব্যাখ্যা দেয় যে RFA লিয়াজোঁকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলির যে ঘটন জানতে পেরেছেন, সেটা জানাতে হবে। (সেকশন II. H)
- ব্যাখ্যা করে যে প্রিন্সিপ্যালকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং-এর অভিযোগ সম্পর্কিত সকল লিখিত রিপোর্ট তদন্তের ফাইলে স্কুলে সংরক্ষণ করা হয়েছে। (সেকশন II.I)
- ব্যাখ্যা দেয় যে, শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং-এর সকল রিপোর্ট অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম-এ (“OORS”) রিপোর্ট করার এক (1) স্কুল দিবসের মধ্যে লিপিবদ্ধ করতে হবে। (সেকশন II.E)
- উল্লেখ করে যে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ঘটনার শিকার ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতমাতাদের অবশ্যই অবিলম্বে, তবে শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং-এর অভিযোগের রিপোর্ট প্রাপ্তির দুই (2) স্কুল দিবসের মধ্যে জানাতে হবে। (সেকশন II.E)
- ব্যাখ্যা দেয় যে, যদি শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং-এর ঘটনায় অভিযোগের প্রকৃতি ও গুরুত্বের বিবেচনায় স্কুল পর্যায়ে তদন্ত করা সম্ভব না হয়, তাহলে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তিকে অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট-এর (“OSYD”) সাথে আলোচনা করতে হবে। (সেকশন II.M)
- ব্যাখ্যা করে যে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং-এর রিপোর্ট পাওয়ার পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে তদন্ত করতে হবে। (সেকশন III.A)
- উল্লেখ করে যে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যখন কোন তদন্ত পরিচালনা করবেন, তখন তাকে সকল পক্ষ ও সাক্ষীদেরকে অবশ্যই আলাদাভাবে সাক্ষাৎকার নিতে হবে, তদন্তের কোনো নোট থাকলে সেগুলো, এবং প্রতিটি সাক্ষাৎকারের তারিখসহ নথি তা সংরক্ষণ করতে হবে। (সেকশন III.A)
- ব্যাখ্যা দেয় যে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই তদন্ত প্রক্রিয়ার অংশ হিসেবে ভিডিও নজরদারি ও অডিও রেকর্ডিংসহ সকল প্রাসঙ্গিক প্রমাণ সংগ্রহ করতে হবে, এবং সকল অসঙ্গত সাইবার-উপকরণ সংক্রান্ত বিষয়গুলোর ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে DOE-এর সুপারিশসমূহের সাথে সামঞ্জস্যবিধান করতে এবং প্রয়োজনে তাদের বরো সেফটি ডিরেক্টর ও সিনিয়র ফিল্ড কাউন্সেল-এর সাথে আলোচনা করতে হবে। (সেকশন III.A.6).
- ব্যাখ্যা দেয় যে তদন্তের শেষে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল প্রমাণ পর্যালোচনা করতে হবে এবং অভিযোগসমূহ পর্যাপ্ত প্রমাণের দ্বারা সমর্থিত কি-না, সে বিষয়টি নিশ্চিত করতে হবে। (সেকশন III.B)

- ব্যাখ্যা দেয় যে, আচরণটি প্রবিধান লঙ্ঘন করেছে কি-না, এবং সে সিদ্ধান্ত গ্রহণে বিবেচনার জন্য বাড়তি উপকরণ জুগিয়েছে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সেটা নিশ্চিত করতে হবে। (সেকশন III.C)
- উল্লেখ করে যে, তদন্ত শেষে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিম্নলিখিত তথ্য OORS-এ লিপিবদ্ধ করা নিশ্চিত করতে হবে: তদন্তের ফলাফল; অভিযোগ প্রমাণিত হয়েছে কি-না সে সিদ্ধান্ত; এবং সে আচরণটির ফলে এই প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, সে সিদ্ধান্ত। বৈষম্যকরণ, ভয়ভীতি, হয়রানি এবং/অথবা বুলিং-এর অভিযোগ দেওয়ার (10) স্কুল দিবসের মধ্যে এসব OORS-এ লিপিবদ্ধ করতে হবে, পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া। (সেকশন III. D)
- উল্লেখ করে যে, কোনো অভিযোগ প্রমাণিত কি-না এবং আচরণটির কারণে এ প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই কথিত ঘটনার শিকার ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে লিখিতভাবে তা জানাতে হবে। যদি কোনো অভিযোগ প্রমাণিত হয়ে থাকে, তাহলে এই বিজ্ঞপ্তিতে অবশ্যই বিষয়টি নিয়ে কথা বলার ও পরিবর্তিতে করণীয় পদক্ষেপ সম্পর্কে এবং সন্তানের জন্য কোনো হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা আছে কি-না, জানতে পিতামাতাদেরকে স্কুলের সাথে যোগাযোগ করার সুপারিশ থাকতে হবে। উল্লেখ করে যে এই বিজ্ঞপ্তি অবশ্যই পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া রিপোর্ট পাওয়ার দশ (10) স্কুল দিবসের মধ্যে প্রদান করতে হবে্। এই প্রবিধানের সাথে সামঞ্জস্য রেখে কথিত শিকার যে শিক্ষার্থী, যদি তার পিতামাতাদেরকে না জানানর কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে, তাহলে সেসব পিতামাতাদেরকে এ সুপারিশ প্রদান করা যাবে না। (সেকশন III.E)
- উল্লেখ করে যে, তদন্তের ফলাফল পিতামাতাদেরকে অবহিত করতে হবে শিক্ষার্থীর রেকর্ডের তথ্যের গোপনীয়তা সংরক্ষণ বিষয়ক স্টেট ও ফেডারেল আইন অনুযায়ী। (সেকশন III.F)
- উল্লেখ করে যে, তদন্ত শুরুর আগে বা তদন্ত চলাকালে যে কোনো সময় প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যদি সিদ্ধান্ত নেন যে শিক্ষার্থীর (কথিত শিকার শিক্ষার্থী ও সাক্ষীসহ) মঙ্গলের জন্য হস্তক্ষেপ ও সহায়তা তদন্এর চূড়ান্ত সমাপ্তির আগেই প্রয়োজন, তাহলে পিতামাতাদেরকে অবশ্যই জানাতে হবে এবং উপযুক্ত হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা বাস্তবায়ন ও নজরদারি করতে, এবং প্রয়োজনে সংশোধন করতে হবে। (সেকশন III.G)
- উল্লেখ করে যে, তদন্ত সম্পাদনের পরে অবশ্যই ঘটনার শিকার ও অভিযুক্ত শিক্ষার্থীদের, এবং প্রযুক্ত হলে সাক্ষীদেরও হস্তক্ষেপ ও সহায়তা প্রদান করতে হবে, এবং আরও উল্লেখ করে যে, এ ধরনের হস্তক্ষেপ ও সহায়তাকে আলাদা আলাদা ঘটনার ভিত্তিতে অবশ্যই প্রয়োজনে নজরদারি করতে ও সংশোধন করতে হবে। (সেকশন IV.B)
- হস্তক্ষেপ ও সহায়তার বাড়তি উদাহরণ প্রদান করে। (সেকশন IV.B)
- উল্লেখ করে যে, কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধানের দুই (2) বা অধিকসংখ্যক নীতিভঙ্গের শিকার এবং/অথবা কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধান দুই (2) বা অধিকবার লঙ্ঘন করেছে, তাদের জন্য একটি ব্যক্তিক সহায়তা পরিকল্পনাকে অবশ্যই তৈরি ও বাস্তবায়ন করতে হবে। (সেকশন IV.B)
- ব্যাখ্যা দেয় যে, সকল পরিস্থিতিতে মধ্যস্থতা ও দ্বন্দ্ব নিরসনের কোনোটাই বুলিং বা ভয়ভীতির একটি উপযুক্ত হস্তক্ষেপ নয় এবং হস্তক্ষেপ ও সহায়তার জন্য এবং বদলির নীতি ও প্রক্রিয়া সম্পর্কে বাড়তি তথ্যের জন্য সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেকটেশনস্ টু সাপোর্ট স্টুডেন্ট লার্নিং ("ডিসিপ্লিন কোড") এবং চ্যান্সেলরের প্রবিধান A-101 ও A-449-এর উল্লেখ করে। (সেকশন IV.B)
- ব্যাখ্যা দেয় যে, যে শিক্ষার্থী প্রবিধান ভঙ্গ করেছে বলে নির্ধারণ করা হয়, সে ডিসিপ্লিন কোড-এর এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 (সেকশন IV C)-তে বর্ণিত প্রক্রিয়া ও শর্তাবলি অনুযায়ী যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হবে।
- উল্লেখ করে যে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই পক্ষগুলো ও সাক্ষীদের প্রতি প্রদত্ত সকল হস্তক্ষেপ ও সহায়তা এবং নিষিদ্ধ আচরণে নিযুক্ত থাকার ফল হিসেবে শিক্ষার্থীর (শিক্ষার্থীদের) বিরূদ্ধে গৃহীত সকল শাস্তিমূলক পদক্ষেপগুলো

সাসপেনশন অ্যান্ড অফিস অভ হিয়ারিংস্ অনলাইন সিস্টেম-এ ("SOHO") OORS-এর মাধ্যমে লিপিবদ্ধ করতে হবে। (সেকশন IV.D)

- সেকশনের শিরোনামে "নিবারণ" শব্দটি সংযোজন করেছে। (সেকশন V)
- ব্যাখ্যা দেয়ে যে, সকল স্কুলকে অবশ্যই রিপোর্ট করার নিয়ম ব্যাখ্যাসহ এই প্রবিধানের নীতিমালা ও কার্যপ্রণালীকে ভালোভাবে তোলে ধরা OSYD-এর প্রস্তুত করা লিখিত উপকরণ প্রতি বছর সকল স্কুল স্টাফ, পিতামাতা ও শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে বা ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় সহজলভ্য রাখতে হবে। (সেকশন V.B)
- উল্লেখ করে যে প্রত্যেক প্রিন্সিপ্যাল/ভাপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে RFA লিয়াজোঁ-এর নাম স্কুলের ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা আছে এবং শিক্ষার্থী ও পিতামাতাদেরকে বছরে অন্তত একবার ইলেক্ট্রনিক যোগাযোগ মাধ্যমে শিক্ষার্থীর মাধ্যমে বাড়িতে পাঠিয়ে, কিংবা অন্য কোন প্রক্রিয়ায় জানানো হয়েছে। (সেকশন V.C)
- ব্যাখ্যা দেয় যে, এই প্রবিধানের একটি কপি পিতামাতা, স্কুল কর্মী এবং শিক্ষার্থীদের জন্য অনুরোধসাপেক্ষে অবশ্যই লভ্য হতে হবে। (সেকশন V.G)
- ব্যাখ্যা দেয় যে, RFA লিয়াজোঁদের নাম অবশ্যই যথাযথভাবে স্কুলের কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট প্ল্যান-এ হালনাগাদ করতে হবে। (সেকশন VI.A)
- উল্লেখ করে যে, সকল প্রিন্সিপ্যালকে অবশ্যই কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট প্ল্যান-এ নিশ্চিত করতে হবে যে, আলোচ্যসূচি, সই করা উপস্থিতি তালিকা এবং প্রবিধান অনুযায়ী স্টাফদের বাধ্যতামূলক বার্ষিক প্রশিক্ষণের তথ্য প্রমাণের জন্য সকল প্রশিক্ষণ-উপকরণের কপি স্কুলের ফাইলে সংরক্ষিত আছে। (সেকশন VI.E)
- ব্যাখ্যা দেয় যে রিপোর্ট সংক্রান্ত তথ্য এই প্রবিধানের অধীন তথ্য আইনি বাধ্যবাধকতা অনুযায়ী কিংবা যখন কোনো শিক্ষার্থীর নিরাপত্তা বা স্বাস্থ্যগত ঝুঁকির কারণে আবশ্যক হয়, তখন প্রকাশ করা হতে পারে। (সেকশন VII)
- সংযুক্তি 1, নিষিদ্ধ বৈষম্য এবং পক্ষপাতমূলক হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিইংয়ের সারসংক্ষেপ-কে হালনাগাদ করে।
- সংযুক্তি 3, hyperlink/ur-সহ RFA পোস্টার প্রতিস্থাপন করে।
- সংযুক্তি 4, hyperlink/ur-সহ RFA পোস্টার প্রতিস্থাপন করে।
- অফিসের নামসমূহ আপডেট করা হয়েছে।

NYC Department of Education

চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-832**

বিষয়: **শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা**

শ্রেণি: **শিক্ষার্থীবৃন্দ**

ইস্যুর তারিখ: **23 অক্টোবর, 2019**

সংক্ষিপ্তসার

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি হচ্ছে একটি নিরাপদ ও শিখন সহায়ক পরিবেশ বজায় রাখা যা জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন অগ্রাধিকার, প্রতিবন্ধিতা, অথবা ওজনের ভিত্তিতে শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীর বিরুদ্ধে পক্ষপাতদুষ্ট হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা নিগ্রহ মুক্ত। এ ধরনের বৈষম্য, হয়রানী, ভয়ভীতি প্রদর্শন এবং বুলিং স্কুলে, স্কুল চলাকালে, স্কুলের আগে বা স্কুলের পরে, স্কুলের সম্পত্তিতে থাকা অবস্থায়, স্কুল পৃষ্ঠপোষিত অনুষ্ঠানমসূহে, ডিপার্টমেন্ট অভ এডুকেশন অর্থায়িত যানবাহনে ভ্রমণের সময়ে অথবা স্কুলের সম্পত্তির বাইরে সংঘটিত হলে, এগুলো শিক্ষা প্রক্রিয়ায় বিঘ্ন ঘটায় বা স্পষ্টত বিঘ্ন ঘটাবে অথবা স্কুল কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নীতিকতা, বা কল্যাণকে বিপদাপন্ন করে বা স্পষ্টত বিপদাপন্ন করবে বলে নিষিদ্ধ এবং তা মেনে নেওয়া হবে না। এই প্রবিধান শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং-এর ঘটনা রিপোর্ট, তদন্ত, বিজ্ঞপ্তি প্রদান এবং পরিবর্তি খোঁজ-খবর রাখার পদ্ধতি নির্ধারণ করে। যেসব শিক্ষার্থী নিষিদ্ধ আচরণে লিপ্ত হয়েছে যাতে এই প্রবিধান লঙ্ঘন হয়, তারা 'সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেকটেশন্স টু সাপোর্ট স্টুডেন্ট লারনিং' ("ডিসিপ্লিন কোড") এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী যথাযথ, সামঞ্জস্যপূর্ণ হস্তক্ষেপ ও শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হতে হবে। যারা ক্ষতিগ্রস্ত ও সাক্ষী, তারা প্রয়োজনীয় হস্তক্ষেপ ও সহায়তা লাভ করবে। সতীর্থ যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগের জন্য, অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-831 দেখুন।

I. নীতি

A. DOE-এর নীতি হচ্ছে এমন একটি নিরাপদ ও সহায়ক শিখন ও শিক্ষা পরিবেশ বজায় রাখা যা শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভয়ভীতি এবং/অথবা বুলিং থেকে মুক্ত। বৈষম্য, হয়রানি, ভয়ভীতি এবং/অথবা বুলিং স্কুলে, স্কুলের সীমানার ভিতরে থাকাকালে, স্কুলের সময়, স্কুলে আগে ও পরে, স্কুলের পৃষ্ঠপোষকতায় আয়োজিত অনুষ্ঠানে, কিংবা DOE অর্থায়িত যানবাহনে ভ্রমণকালে নিষিদ্ধ। এ ধরনের আচরণ স্কুলসীমানার বাইরেও নিষিদ্ধ কারণ এ ধরনের আচরণ শিক্ষা প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটায় বা

স্পষ্টত ব্যাঘাত ঘটাবে কিংবা স্কুল কম্যুনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা বা কল্যাণ বিপদগ্রস্ত করে বা স্পষ্টত বিপদগ্রস্ত করবে।

B. DOE-র এই নীতি হলো শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতি-প্রদর্শন এবং/অথবা বুলিইং-এর অভিযোগের ঘটনা সদিচ্ছায় রিপোর্ট করা বা তাতে অংশগ্রহণের জন্য কোন শিক্ষার্থী, পিতামাতা, অথবা DOE কর্মীর বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণ নিষেধ করা। কোনো ধরনের সুরক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের কারণে কোনো ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণ প্রতিশোধমূলক বলে বিবেচিত। প্রতিশোধের ঘটনা তদন্ত করা হবে এবং সাক্ষ্য-প্রমাণ দ্বারা সমর্থিত হলে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। এই প্রবিধানে যখনই "পিতামাতা" শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক(গণ), শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ), অথবা শিক্ষার্থী নিজে, যদি সে শিক্ষার্থী স্বাবলম্বী নাবালক অথবা 18 বছর বয়সী হয়ে থাকে।

C. কোনো শিক্ষার্থীকে অপর কোনো শিক্ষার্থীর হয়রানি, ভয়ভীতি প্রদর্শন বা বুলি করা এই প্রবিধানের লঙ্ঘন।

D. প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/ অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা বা ওজনের ভিত্তিতে এক শিক্ষার্থীর দ্বারা অপরি শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা এই প্রবিধানের লঙ্ঘন। নিষিদ্ধকরণকৃত বৈষম্য এবং পক্ষপাতমূলক হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিইংয়ের সারসংক্ষেপ পাওয়া যাবে সংযুক্তি নং 1-এ।

E. হয়রানি ও বুলি হলো আচরণ বা সাইবারবুলিসহ হুমকি, ভয়ভীতি, কিংবা নির্যাতন করার মাধ্যমে অন্য শিক্ষার্থীর জন্য ভীতিকর স্কুল পরিবেশের সৃষ্টি, যা:

1. শিক্ষার্থীর শিক্ষাগত কর্মসম্পাদনা, সুযোগ বা কোন শিক্ষা কর্মসূচি, স্কুল পৃষ্ঠপোষিত কর্মকাণ্ড বা শিক্ষার্থীর শিক্ষাক্ষেত্রের কোন বিষয়ে অংশগ্রহণের সামর্থ্য বা সুবিধালাভে অযৌক্তিকভাবে এবং যথেষ্ট পরিমাণে অন্তরায় সৃষ্টি করেছে বা করবে; অথবা
2. মানসিক, আবেগিক বা শারীরিক কল্যাণে অযৌক্তিকভাবে এবং যথেষ্ট পরিমাণে প্রভাব ফেলেছে বা ফেলবে; অথবা
3. নিজের শারীরিক সুরক্ষার ব্যাপারে শিক্ষার্থীর যৌক্তিক ভীতি সৃষ্টি করে বা করবে বলে ধারণা করা হয়; বা
4. শিক্ষার্থীর শারীরিক আঘাত বা মানসিক ক্ষতির যৌক্তিক কারণ রয়েছে বা কারণ হবে বলে ধারণা করা হয়।

হয়রানিমূলক এবং বুলিং আচরণের মধ্যে আছে প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/ অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা বা ওজনের ভিত্তিতে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা, তবে তা এগুলোর মধ্যে সীমাবদ্ধ নয়।

F. বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং নানা ধরনের এবং শারীরিক, অনুচ্চারিত, মৌখিক অথবা লিখিত হতে পারে। এটি একটি ঘটনায় কিংবা ধারাবাহিক সম্পর্কযুক্ত ঘটনায় সংঘটিত হতে পারে।

1. লিখিত আচরণের অন্তর্ভুক্ত হলো তথ্য প্রযুক্তি ব্যবহার করে ইলেক্ট্রনিক পদ্ধতিতে পাঠানো যোগাযোগ, এর মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত আছে, তবে তা এগুলোর মধ্যে সীমিত নয়: ইন্টারনেট; সেলফোন; ইমেইল; পার্সোন্যাল ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট; ওয়্যারলেস হ্যান্ডহেল্ড ডিভাইস; সোশ্যাল মিডিয়া; ব্লগ; চ্যাট রুম; এবং গেমিং সিস্টেম।

2. বৈষম্যকরণমূলক কাজগুলোর মধ্যে আছে নিম্নলিখিতগুলো, তবে তা এগুলোর মধ্যেই সীমিত নয়:

- শারীরিক সহিংসতা;
- উত্যক্ত করা;
- হুমকি দেয়া, বিদ্রূপ করা, জ্বালাতন করা;
- আগ্রাসী অথবা ভীতিকর অঙ্গভঙ্গি;
- অপদস্থ বা বিচ্ছিন্ন করার উদ্দেশ্যে সহপাঠীদের দল থেকে বাদ দেয়া;
- অবমাননাকর ভাষা ব্যবহার;
- শিক্ষার্থীর প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/ অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা বা ওজনের ভিত্তিতে অপমানজনক কৌতুক করা, গালি দেওয়া বা বিবৃতিসহ খিস্তি করা;
- অপরের জন্য মানহানিকর মন্তব্য ও প্রচলিত বুলিইংয়ের গ্রাফিতিসহ লিখিত অথবা গ্রাফিক সামগ্রী যা ইলেক্ট্রনিকভাবে প্রচার করা হয়েছে বা লেখা হয়েছে বা মুদ্রিত হয়েছে;
- অপরকে ক্ষতি করার হুমকি দেয় এমন মৌখিত অথবা শারীরিক আচরণ;
- হেজিং; এবং
- শিক্ষার্থীর প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/ অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা বা ওজনের ভিত্তিতে উদ্দেশ্যমূলকভাবে নাম দেওয়া, নামের ভুল উচ্চারণ করা বা এমন কোন সর্বনাম ব্যবহার করা যা বৈষম্যকরণ, হয়রানি, বুলি, কিংবা ভয়ভীতি প্রদর্শন করে;

II. রিপোর্ট করার প্রক্রিয়া

A. এই প্রবিধানে "রিপোর্ট" শব্দটি ব্যবহৃত হয়েছে ভুক্তভোগী ব্যক্তি বা অন্যের (যেমন স্টাফ, পিতামাতা, অন্য শিক্ষার্থী) দ্বারা শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করার জন্য রিপোর্ট করা।

B. সকল প্রিন্সিপ্যালকে অবশ্যই স্টাফদের মধ্য থেকে কমপক্ষে একজন (1) রেসপেক্ট ফর অল লিঁয়াজো ("RFA লিয়াজোঁ") হিসেবে দায়িত্ব দিতে হবে যার কাছে রিপোর্ট করা যাবে এবং যিনি শিক্ষার্থী ও স্টাফদের তথ্যসূত্র হিসেবে কাজ করবেন। RFA লিয়াজোঁ অবশ্যই একজন লাইসেন্সধারী প্রশাসক, সুপারভাইজর, টিচার, গাইডেন্স কাউন্সেলর, স্কুল সাইকোলজিস্ট, অথবা সোশ্যাল ওয়ার্কার হবেন যিনি স্কুলে পূর্ণ-কালীন (ফুল-টাইম) কাজ করবেন।

1. সব সময়ের জন্য স্কুলে কমপক্ষে একজন (1) RFA লিয়াজোঁ থাকতে হবে যিনি সেকশন V.E-F-এ নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করেছেন। যে ক্ষেত্রে RFA লিয়াজোঁ-এর নিযুক্তি মেয়াদোত্তীর্ণ হবে, প্রিন্সিপ্যালকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে একজন লিয়াজোঁ অবশ্যই নিয়োগ দেওয়া হয়েছে এবং তিরি (30) দিনের মদ্যে তিনি প্রশিক্ষণ নিয়েছেন। অন্তর্বর্তী কালে, প্রিন্সিপ্যাল অবশ্যই একজন অন্তর্বর্তী RFA লিয়াজোঁ নিযোগ দেবেন।

2. যদি একজন নিয়োজিত অস্থায়ী RFA লিয়াজোঁ যদি বাড়তি সময়ের জন্য স্কুলে তার দায়িত্ব পালনে অক্ষম হন, এবং সেখানে যদি অতিরিক্ত কোন RFA না থাকেন, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই RFA লিয়াজোঁ ফিরে না আসা অবধি কাজ চালিয়ে যাওয়ার জন্য একজন অন্তর্বর্তী RFA লিয়াজোঁ নিযোগ দেবেন।

C. যেকোন কর্মী সদস্য যিনি শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীর প্রতি বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং বুলিইংয়ের ঘটনা দেখেছেন বা জানেন তিনি একজন শিক্ষার্থী আরেকজন শিক্ষার্থী কর্তৃক এধরনের আচরণের শিকার হয়ে থাকতে পারে জানার পর দ্রুত এক (1) স্কুল দিবসের মধ্যে কথিত ঘটনাটি RFA লিয়াজোঁ(গণ)-কে অথবা প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করা এবং মৌখিক রিপোর্টের দুই (2) স্কুলদিবসের মধ্যে RFA লিয়াজোঁ বা প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে ঘটনার বর্ণনা দিয়ে 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-832-reporting-form.pdf?sfvrsn=43ca4491_6 ওয়েবপেজে) জমা দেওয়া। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যেন 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-832-reporting-form.pdf?sfvrsn=43ca4491_6 ওয়েবপেজে) মওজুদ থাকে।

D. উল্লেখ করে যে, স্টাফ ছাড়া শিক্ষার্থী, পিতামাতা এবং অন্য যে কোনো ব্যক্তি শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা মৌখিক বা লিখিতভাবে বুলিং-এর বিষয়ে প্রিন্সিপ্যাল/তার

দায়িত্বে নিযুক্ত ব্যক্তি, RFA লিঁয়াজো, কিংবা অপর কোনো স্টাফদের কারও কাছে, অথবা 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-832-reporting-form.pdf?sfvrsn=43ca4491_6 ওয়েবপেজে) জমা দিয়ে কিংবা অনলাইন পোর্টালের মাধ্যমে (যা যাওয়া যাবে https://www.nycenet.edu/bullyingreporting ওয়েবপেজে) অভিযোগ দায়ের করতে পারবেন।

E. যেসব শিক্ষার্থী বিশ্বাস করে যে, তারা অন্য শিক্ষার্থীদের দ্বারা বৈষম্য, হয়রানি, ভয়-ভীতি এবং/অথবা বুলির শিকার হয়েছে, অথবা যে শিক্ষার্থী এধরনের ঘটনা ঘটতে দেখেছে বা তার কাছে এ ধরনের ঘটনা সম্পর্কিত তথ্য আছে, তাকে ঘটনার কথা জানাতে হবে।

F. যদে কোন শিক্ষার্থীর বা পিতামাতার স্কুলে রিপোর্ট করা নিয়ে উদ্বেগ থাকে, তাহলে সে শিক্ষার্থী/পিতামাতা অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট ("OSYD")-এর সাথে ইমেইলে RespectforAll@schools.nyc.gov ঠিকানায় রিপোর্টটি পাঠাতে পারবেন। যেসব ক্ষেত্রে এটি যথাযথ হতে পারে তার কয়েকটি উদাহরণ: শিক্ষার্থী/পিতামাতা যদি নিশ্চিত না হয় আচরণটি এই প্রবিধানের আওতায় পড়ে কিনা; যদি শিক্ষার্থী/পিতামাতা ইতোপূর্বে অভিযোগ করে থাকে এবং আচরণ অব্যাহত থাকে; অথবা যদি শিক্ষার্থী/পিতামাতা বিষয়টি প্রকাশের সম্ভাব্য প্রতিক্রিয়া সম্পর্কে উদ্বিগ্ন হয়। এরকম পরিস্থিতিতে, OSYD এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ যথাযথ ফলোআপ পদক্ষেপ নির্ধারণ করবে।

G. শিক্ষার্থী, পিতামাতাকর্মী ব্যতীত অন্য ব্যক্তিগণ অজ্ঞাতনামা হিসেবে রিপোর্ট করতে পারেন, এবং এ ধরনের রিপোর্ট এই প্রবিধানে বেঁধে দেওয়া প্রক্রিয়া অনুসারে সেসব রিপোর্টের তদন্ত হবে এবং যতটা সম্ভব অজ্ঞাতনামান ব্যক্তির কাছ থেকে তথ্য পাওয়া গেছে বলে গৃহীত হবে।

H. RFA লিয়াজোঁকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে প্রাপ্ত সকল রিপোর্টের বিষয়ে জানাতে হবে।

I. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সকল লিখিত রিপোর্ট [যেমন ইমেইল, 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-832-reporting-form.pdf?sfvrsn=43ca4491_6 ওয়েবসাইটে] অবশ্যই স্কুলের তদন্তাধীন ফাইলে সংরক্ষিত থাকবে।

J. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল রিপোর্ট DOE-এর অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম-এ ("OORS") রিপোর্ট পাওয়ার এক (1) স্কুল দিবসের মধ্যে লিপিবদ্ধ করতে এবং সেকশন III অনুযায়ী দ্রুত তদন্ত করতে হবে।

K. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কোনো রিপোর্ট পাওয়ার পর তাকে ক্ষতিগ্রস্ত ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে অভিযোগের ঘটনা সম্পর্কে জানাতে হবে। এই ধরনের নোটিফিকেশনগুলোকে অবশ্যই তাৎক্ষণিকভাবে করতে হবে কিন্তু প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক রিপোর্ট লাভের দুই (2) স্কুল দিবসের মধ্যে করতে হবে। যদি কথিত ক্ষতিগ্রস্ত প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে এ ধরনের

অবহিতকরণের ব্যাপারে সুরক্ষা সম্পর্কিত উদ্বেগের কথা জানায়, তাহলে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত গোপনীয়তা ও সুরক্ষা সমস্যা বিবেচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেবেন বিষয়টি কথিত অভিযুক্তের পিতামাতাদেরকে অবহিত করা হবে কিনা। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এই সিদ্ধান্ত নেয়ার ব্যাপারে অফিস অভ জেনারেল কাউন্সেলের সঙ্গে পরামর্শ করতে পারেন।

L. যেখানে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত বিশ্বাস করেন যে কথিত আচরণ অপরাধমূলক কর্মকাণ্ডের আওতায় পড়ে, সেখানে তাকে অবশ্যেই পুলিশের সঙ্গে যোগাযোগ করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেল এবং/অথবা বরো/সিটিওয়াইড অফিস, ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিস-এর সাথে পরামর্শ করতে পারেন।

M. রিপোর্টটি যদি অভিযোগের গুরুত্বের নিরিখে স্কুল পর্যায়ে তদন্ত করা সম্ভব না হয়, তাহলে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে OSYD সঙ্গে পরামর্শ করতে হবে।

III. তদন্ত

A. সকল রিপোর্টের তদন্ত করতে হবে। সকল পক্ষ ও সাক্ষীদেরকে অবশ্যই আলাদাভাবে সাক্ষাৎকার নিতে হবে, তদন্তের কোনো নোট থাকলে সেগুলো, এবং প্রতিটি সাক্ষাৎকারের তারিখসহ নথি থাকলে তা সংরক্ষণ করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই বাস্তবিকপক্ষে যতটুকু সম্ভব দ্রুত নিম্নলিখিত সুনির্দিষ্ট তদন্তের পদক্ষেপ গ্রহণ করতে হবে, তবে তা রিপোর্ট করার পাঁচ (5) স্কুল দিবসের পরে হতে পারবে না।

1. ঘটনায় কথিত ক্ষতিগ্রস্ত ব্যক্তির সাক্ষাৎকার;
2. কথিত ক্ষতিগ্রস্তকে বলবেন একটি লিখিত বিবৃতি তৈরি করতে যেখানে যত বেশি সম্ভব খুঁটিনাটি বর্ণনা থাকে, যার মধ্যে রয়েছে আচরণের বিবরণ, কখন এবং কোথায় ঘটনাটি ঘটেছে এবং কে দেখে থাকতে পারেন;
3. অভিযুক্ত শিক্ষার্থীকে ইন্টারভ্যু করবেন এবং ঘটনাটি ঘটে থাকলে, তাকে পরামর্শ দেবেন অবিলম্বে এধরনের আচরণ বন্ধ করতে;
4. অভিযুক্ত শিক্ষার্থীকে একটি লিখিত বিবৃতি তৈরি করতে বলবেন;
5. সাক্ষীদের সাক্ষাৎকার এবং লিখিত বিবৃতি নেবেন; এবং
6. প্রাসঙ্গিক কোনো প্রমাণ থাকলে (যেমন ভিডিও পর্যবেক্ষণ বা অডিও রেকর্ডিং) সংগ্রহ করবেন। অসঙ্গত সাইবার-উপকরণ নিয়ন্ত্রণের জন্য প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই DOE-এর নির্দেশনা অনুসরণ করতে হবে এবং প্রয়োজনে তাদের বরো সেফটি ডিরেক্টর ও সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করতে হবে।

B. তদন্তের শেষে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল প্রমাণ পর্যালোচনা করতে হবে ও পর্যাপ্ত প্রমাণ দ্বারা অভিযোগের বস্তুনিষ্ঠতা নিশ্চিত করতে হবে (যেমন প্রমাণের মানসহ পক্ষসমূহ ও সাক্ষীদের বিশ্বাসযোগ্যতা সকল প্রমাণ পর্যালোচনার উপর ভিত্তি করে, কথিত ঘটনাটি সংঘটনের সম্ভাব্যতা বেশি কি-না)।

C. যদি অভিযোগ বস্তুনিষ্ঠ হয়, তাহলে আচরণটি এই প্রবিধান ভঙ্গ করেছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সেটা নিশ্চিত করতে হবে। এটা নিশ্চিত করতে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই আচরণটির পারিপার্শ্বিক পরিস্থিতিকে সম্পূর্ণরূপে মূল্যায়ন করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে ব্যক্তিকে বিবেচনা করতে হবে কিছুসংখ্যক বিষয়কে, সেগুলোর মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো থাকতে পারে, তবে তা এগুলোতেই সীমিত নয়:

- সংশ্লিষ্ট পক্ষগুলোর বয়স;
- আচরণের ধরন, তীব্রতা ও পরিসর;
- আচরণের পৌনঃপুনিকতা ও স্থায়িত্বকাল;
- আচরণের সঙ্গে জড়িত ব্যক্তিদের সংখ্যা;
- কোন পরিস্থিতিতে আচরণটি সংঘটিত হয়েছে;
- আচরণটি কোথায় সংঘটিত হয়েছে;
- এই শিক্ষার্থীদের দ্বারা স্কুলে আর কোন ঘটনা সংঘটিত হযেছে কিনা;
- আপরণটি ক্ষতিগ্রস্ত পক্ষের উপস্থিতি, প্রাতিষ্ঠানিক সাফল্য বা পাঠ্যক্রমবহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণসহ লেখাপড়ায় নেতিবাচক প্রভাব রেখেছে কি-না;
- আচরণটি স্কুলে ক্ষতিগ্রস্ত পক্ষের আচরণ বা সামাজিক মেলামেশায় নেতিবাচক প্রভাব রেখেছে কি-না;
- ক্ষতিগ্রস্ত পক্ষের নিরাপত্তার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করা হয়েছে কি না; এবং
- ক্ষতিগ্রস্ত পক্ষের মানসিক,আবেগজনিত বা শারীরিক সুস্থতার উপর প্রভাব পড়েছে কি-না।

D. তদন্ত শেষ হওয়ার পর প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিম্নলিখিত তথ্য OORS- লিপিবদ্ধ করতে হবে: তদন্তের ফলাফল; অভিযোগটি প্রমাণিত হয়েছে কিনা; এবং আচরণটি এই প্রবিধানের লঙ্ঘন কি-না, সে ব্যাপারে একটি সিদ্ধান্ত। এই তথ্য অবশ্যই পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া রিপোর্ট পাওয়ার দশ (10) স্কুল দিবসের মধ্যে OORS-এ লিপিবদ্ধ করতে হব্‌।

E. কোনো অভিযোগ প্রমাণিত কি-না এবং আচরণটির কারণে এ প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই কথিত ঘটনার শিকার ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে লিখিতভাবে তা জানাতে হবে। যদি কোনো অভিযোগ প্রমাণিত হয়ে থাকে, তাহলে এই বিজ্ঞপ্তিতে অবশ্যই বিষয়টি নিয়ে কথা বলার ও পরিবর্তিতে করণীয় পদক্ষেপ সম্পর্কে এবং সন্তানের জন্য কোনো হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা আছে কি-না, জানতে পিতামাতাদেরকে স্কুলের সাথে যোগাযোগ করার সুপারিশ থাকতে হবে। পিতামাতাদেরকেকে অবশ্যই পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া রিপোর্ট পাওয়ার দশ (10) স্কুল দিবসের মধ্যে বিষয়টি জানাতে হবে। সেকশন II.K-এর সাথে সামঞ্জস্য রেখে কথিত

শিকার যে শিক্ষার্থী, যদি তার পিতামাতাদেরকে না জানানর কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে, তাহলে সেসব পিতামাতাদেরকে এই প্যারাগ্রাফের ব্যবস্থা সম্পর্কে জানানো যাবে না।

F. সেকশন III.E-তে প্রতিষ্ঠিত তথ্য জানাতে হবে শিক্ষার্থীর রেকর্ডের তথ্যের গোপনীয়তা সংরক্ষণ বিষয়ক স্টেট ও ফেডারেল আইন অনুযায়ী। সুতরাং, কথিত ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীর সাথে সম্পর্কিত পরবর্তী পদক্ষেপ, হস্তক্ষেপ বা সহায়তা সম্পর্কে শুধু কথিত ক্ষতিগ্রস্ত পক্ষের পিতামাতাকে এবং অভিযুক্ত শিক্ষার্থীর সাথে সম্পর্কিত পরবর্তী পদক্ষেপ, হস্তক্ষেপ বা সহায়তা সম্পর্কে শুধু অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাকে জানানো হতে পারে।

G. তদন্ত শুরুর আগে বা তদন্ত চলাকালে যে কোনো সময় প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যদি সিদ্ধান্ত নেন যে শিক্ষার্থীর (কথিত শিকার শিক্ষার্থী ও সাক্ষীসহ) মঙ্গলের জন্য হস্তক্ষেপ ও সহায়তা তদন্তের চূড়ান্ত সমাপ্তির আগেই প্রয়োজন, তাহলে শিক্ষার্থীর পিতামাতাদেরকে অবশ্যই জানাতে হবে এবং সেকাশন IV অনুযায়ী উপযুক্ত হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা বাস্তবায়ন ও নজরদারি করতে, এবং প্রয়োজনে সংশোধন করতে হবে।

IV. পরবর্তী পদক্ষেপ

A. আচরণটি বন্ধ হয়েছে, সেটা নিশ্চিত করার জন্য প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অবিলম্বে উদ্যোগ নিতে ও যথাযথ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

B. সেকশন III অনুযায়ী তদন্ত শেষ হওয়া এবং সিদ্ধান্ত গ্রহণের পর, ভুক্তভোগী এবং অভিযুক্ত শিক্ষার্থী, এবং যথাযথ সাক্ষীদের ব্যাপারে হস্তক্ষেপ এবং সহায়তা অবশ্যই প্রদান করা হবে। এই ধরনের হস্তক্ষেপ এবং সহায়তার মূল্যায়ন অবশ্যই কেস-বাই-কেস ভিত্তিতে করা হবে এবং অবশ্যই যথোপযুক্তভাবে মনিটর এবং পরিমার্জন করা হবে। হস্তক্ষেপ ও সহায়তার মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত আছে, তবে নিচে তা সেগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- স্কুলের সোশাল ওয়ার্কার, গাইডেন্স কাউন্সিলর, সাইকোলজিস্ট, কিংবা অন্য কোন যথাযথ স্কুল স্টাফের কাছে, কিংবা কোন কমিউনিটি-বেজড্ এজেন্সির কাছে কাউন্সেলিং, সহায়তা, এবং/অথবা শিক্ষা বা মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য সুপারিশ করে পাঠানো;
- প্রাতিষ্ঠানিক সহায়তা ও পরিবর্তন (যেমন ক্লাস, লাঞ্চ/অবকাশ কিংবা আফটার স্কুল প্রোগ্রামের সময়সূচি পরিবর্তন);
- একটি ইনডিভিজুয়াল সাপোর্ট প্ল্যান (ব্যক্তিক সহায়তা পরিকল্পনা) তৈরি করা (উল্লেখ করে যে, কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধানের দুই (2) বা অধিকসংখ্যক নীতিভঙ্গের শিকার এবং/অথবা কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধান দুই (2) বা অধিকবার লঙ্ঘন করেছে, তাদের জন্য একটি ব্যক্তিক সহায়তা পরিকল্পনাকে অবশ্যই তৈরি ও বাস্তবায়ন করতে হবে।)

  সহায়তা এবং হস্তক্ষেপ সম্পর্কিত আরও বিস্তারিত তথ্য শৃঙ্খলা-বিধিতে পাওয়া যাবে। মধ্যস্থতা কিংবা দ্বন্দ্ব নিরসন- কোনটিই কোন অবস্থাতে একটি বুলিইং বা ভীতি-প্রদর্শনের উপযুক্ত হস্তক্ষেপ নয়। (যদি বদলির প্রয়োজন হয়, তাহলে চ্যান্সেলরের প্রবিধান A-101 এবং A-449 দেখুন, এগুলো

বদলির নীতি ও কার্যপ্রণালীর নিয়ম প্রতিষ্ঠা করে)।

C. যে শিক্ষার্থী এ প্রবিধান ভঙ্গ করেছে বলে নির্ধারণ করা হয়েছে, সে ডিসিপ্লিন কোড-এর এবং চ্যান্সেলরের প্রবিধান A-443-তে বর্ণিত প্রক্রিয়া ও শর্তাবলি অনুযায়ী যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হবে।

D. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই পক্ষগুলো ও সাক্ষীদের প্রতি প্রদত্ত সকল হস্তক্ষেপ ও সহায়তা এবং নিষিদ্ধ আচরণে নিযুক্ত থাকার ফল হিসেবে শিক্ষার্থীর (শিক্ষার্থীদের) বিরুদ্ধে গৃহীত সকল শাস্তিমূলক পদক্ষেপগুলো সাসপেনশন অ্যান্ড অফিস অভ হিয়ারিংস্ অনলাইন সিস্টেম-এ ("SOHO") OORS-এর মাধ্যমে লিপিবদ্ধ করতে হবে।

V. প্রতিরোধ, অবহিতকরণ ও প্রশিক্ষণ

A. প্রতিটি স্কুলকে অবশ্যই শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মচারীরা ভালভাবে দেখতে পান এমন দৃষ্টিগ্রাহ্য স্থানে "রেসপেক্ট ফর অল" পোস্টার (পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts) ওয়েবপেজে) সেঁটে দিতে হবে। পোস্টারে অবশ্যই RFA লিয়াজোঁর(গণের) নাম থাকতে হবে।

B. প্রতিটি স্কুলকে অবশ্যই রিপোর্ট করার নিয়ম ব্যাখ্যাসহ এই প্রবিধানের নীতিমালা ও কার্যপ্রণালীকে ভালোভাবে তোলে ধরা OSYD-এর প্রস্তুত করা লিখিত উপকরণ (পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts ওয়েবপেজে) প্রতি বছর সকল স্কুল স্টাফ, পিতামাতা ও শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে বা ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় সহজলভ্য রাখতে হবে। স্কুলবছরে স্কুলে প্রবেশকারী পিতামাতা/শিক্ষার্থীকে ভর্তি হওয়ার পর অবশ্যই এ তথ্য পেতে হবে।

C. প্রত্যেক প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে RFA লিয়াজোঁ-এর নাম স্কুলের ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা আছে এবং শিক্ষার্থী ও পিতামাতাদেরকে বছরে অন্তত একবার ইলেক্ট্রনিক যোগাযোগ মাধ্যমে শিক্ষার্থীর মাধ্যমে বাড়িতে পাঠিয়ে, কিংবা অন্য কোন প্রক্রিয়ায় জানানো হয়েছে।

D. প্রত্যেক প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে শিক্ষার্থী এবং কর্মচারীদেরকে প্রত্যেক বছরের 31 অক্টোবরের মধ্যে এই প্রবিধানের নীতিমালা ও পদ্ধতিসমূহ সম্পর্কে তথ্য এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

E. প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই নিশ্চিত করবেন যে সকল কর্মচারীকে, নির্দেশনা কর্মচারী নন এমন ব্যক্তিসহ, প্রত্যেক স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে এই প্রবিধানের নীতিমালা ও পদ্ধতিসমূহ সম্পর্কে তথ্যে এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এধরনের ট্রেনিংয়ের বাধ্যতামূলক লক্ষ্য হবে:

1. শিক্ষার্থীদের প্রতি শিক্ষার্থীর প্রকৃত অথবা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত,

প্রতিবন্ধিতা, অথবা ওজনের ভিত্তিতে, তবে এতেই সীমাবদ্ধ নয়, সম্ভাব্য বৈষম্য, হয়রানি এবং বুলিইংয়ের ব্যাপারে সচেতনতা ও সংবেদনশীলতা বৃদ্ধি;

2. বৈষম্যকরণ, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন, এবং বুলিইং শনাক্ত ও প্রশমন করা;

3. বৈষম্যকরণ, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন, এবং বুলিইং-এর সামাজিক বৈশিষ্ট;

4. **বৈষম্য, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন বা বুলিইংয়ের ঘটনা নিবারণ ও প্রতিকার;**

5. বৈষম্যকরণ, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন ও বুলিইং-এর প্রতিক্রিয়া অনুধাবন এবং শিক্ষা কাঠামোয় বিতাড়ন, পক্ষপাত ও আগ্রাসন সমস্যা কার্যকরভাবে দূর করার কৌশল; এবং

6. নিরাপদ এবং সহায়ক স্কুল পরিবেশকে উৎসাহিত করা, যার মধ্যে আছে ক্লাসরুমের কার্যক্রমে এ ধারণার সংযোজন।

F. প্রত্যেক প্রিন্সিপ্যালকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, সেকশন V.E-তে বর্ণিত স্কুল ট্রেনিং ছাড়াও অন্তত একজন (1) RFA লিয়াজোঁ OSYD প্রণীত বাধ্যতামূলক RFA প্রশিক্ষণ সম্পন্ন করেছেন যার প্রতিপাদ্য: 1) জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত, পরিচয় **, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা এবং ওজন সম্পর্কিত মানবিক সম্পর্ক এবং 2) উপরের সেকশন V.E. বর্ণিত বিষয়সমূহ।**

G. **এই প্রবিধানের একটি কপি পিতামাতা, স্কুল কর্মী এবং শিক্ষার্থীদের জন্য অনুরোধসাপেক্ষে প্রদানের ব্যবস্থা থাকতে হবে।**

VI. সমন্বিত স্কুল ও যুব উন্নয়ন পরিকল্পনা

প্রত্যেক প্রিন্সিপ্যালকে অবশ্যই প্রতি স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে নিম্নলিখিত তথ্য স্কুলের বার্ষিক কনসোলিডেটেড স্কুল অ্যান্ড ডেভেলপমেন্ট প্ল্যান এ দাখিল করতে হবে:

A. RFA লিয়াজোঁ(গণ) এর নাম। এ তথ্য অবশ্যই যথাযথভাবে হালনাগাদ করতে হবে।

B. প্রত্যয়নকৃত যে কমপক্ষে একজন (1) RFA লিয়াজোঁ উপরে সেকশন V.F.-এ বর্ণিত ট্রেনিং গ্রহণ করেছেন বা করবেন।

C. প্রত্যয়নকৃত যে শিক্ষার্থীদের এই প্রবিধানের নীতিমালা এবং পদ্ধতি সম্পর্কে তথ্য ও প্রশিক্ষণ দেয়া হয়েছে।

D. প্রত্যয়নকৃত যে শিক্ষানির্দেশনামূলক নয় এমন কর্মচারীসহ সব কর্মচারীকে এই প্রবিধানের নীতিমালা এবং পদ্ধতি সম্পর্কে উপরে সেকশন V.E - তে বর্ণিত তথ্য ও প্রশিক্ষণ দেয়া হয়েছে।

E. আলোচ্যসূচি, সইকরা উপস্থিতি তালিকা এবং সেকশন V.E অনুযায়ী বার্ষিক বাধ্যতামূলক স্টাফ প্রশিক্ষণ উপকরণের একটি কপি স্কুলের ফাইলে সংরক্ষিত আছে, সেটা নিশ্চিত করা; এবং

F. পক্ষপাতমূলক হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা মাস্তানি নিরোধ এবং সমাধানের একটি প্ল্যান।

VII. গোপনীয়তা

DOE-এর নীতি হচ্ছে এই প্রবিধানের আওতায় সকল পক্ষ এবং সাক্ষী প্রদত্ত রিপোর্টসমূহের গোপনীয়তা রক্ষা করা। তবে, ন্যায় বিচার লাভের নিশ্চিত করার জন্য পুলিশি তদন্তে সহযোগিতা করার বাধ্যবাধকতার বিপরীতে এবং/অথবা তদন্তের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অথবা অভিযোগ মীমাংসার উদ্দেশ্যে এই গোপনীয়তাকে অবশ্যই ভারসাম্যপূর্ণ হতে হবে। সুতরাং, রিপোর্ট সংক্রান্ত তথ্য এই প্রবিধানের অধীন তথ্য যথাযথ পরিস্থিতি কিংবা আইনি বাধ্যবাধকতা অনুযায়ী কিংবা যখন কোনো শিক্ষার্থীর নিরাপত্তা বা স্বাস্থ্যগত ঝুঁকির কারণে আবশ্যক হয়, তখন প্রকাশ করা হতে পারে।

VIII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of School and Youth Development

NYC Department of Education

52 Chambers Street – Room 218

New York, NY 10007

Telephone: (212) 374-6807

Facsimile: (212) 374-5751

RespectForAll@schools.nyc.gov

Title IX Coordinator
Title_IX_Inquiries@schools.nyc.gov
Telephone: 718-935-4987

Department of Education

নিষিদ্ধ বৈষম্য এবং পক্ষপাতমূলক হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিইংয়ের সারসংক্ষেপ

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি হচ্ছে একটি নিরাপদ ও সহায়ক শিখন এবং শিক্ষা পরিবেশ বজায় রাখা যা এক শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীর বিরুদ্ধে সংঘটিত প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন অগ্রাধিকার, প্রতিবন্ধিতার অথবা ওজনের ভিত্তিতে পক্ষপাতদুষ্ট বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন, এবং অথবা নিগ্রহ মুক্ত। শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি স্কুলে, স্কুল চলাকালে, স্কুলের আগে বা স্কুলের পরে, স্কুলের সম্পত্তিতে থাকা অবস্থায় , স্কুল পৃষ্ঠপোষিত অনুষ্ঠানমসূহে, ডিপার্টমেন্ট অভ এডুকেশন অর্থায়িত যানবাহনে ভ্রমণের সময়ে অথবাং স্কুলের সম্পত্তি ব্যতীত অন্য কোথাও যখন এটি প্রমাণ করা যাবে যে বিষয়টি শিক্ষা প্রক্রিয়ায় নেতিবাচক প্রভাব বিস্তার করছে অথবা স্কুল কম্যুনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা কল্যাণের হানি ঘটাচ্ছে তখন নিষিদ্ধ এবং বরদাশত করা হবে না। এই প্রবিধান লংঙ্ঘনকারী শিক্ষার্থীরা শৃঙ্খলা বিধি এবং **চ্যান্সেলরের প্রবিধান A-443** অনুযায়ী শৃঙ্খলাভঙ্গের কারণে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা ও সহায়তার মুখোমুখী হতে হবে। সহপাঠীর দ্বারা যৌন হয়রানির অভিযোগের জন্য অনুগ্রহ করে **চ্যান্সেলরের প্রবিধান A-831** দেখুন।

পক্ষপাত-ভিত্তিক আচরণ শনাক্তকরণের জন্য কর্মচারী এবং শিক্ষার্থীদের নিচে উল্লিখিত নির্দেশনা প্রদান করা হয়েছে।

নাগরিকত্ব/অভিভাসনগত অবস্থা: যুক্তরাষ্ট্র ব্যতীত অন্য দেশের প্রকৃত অথবা অনুমিত অভিবাসনগত অবস্থা অথবা নাগরিকত্বের অবস্থা।

প্রতিবন্ধিতা: প্রকৃত অথবা অনুমিত প্রতিবন্ধিতা, অথবা প্রতিবন্ধিতার ইতিহাস। “প্রতিবন্ধিতা” শব্দের অর্থ
(A) একটি দৈহিক, মানসিক বা শারীরিক বৈকল্য যা কোন অ্যানাটমিক্যাল, ফিজিওলজিক্যাল, জেনেটিক বা নিউরোলজিক্যাল অবস্থা থেকে সৃষ্ট, অথবা কোন চিকিৎসাবিদ্যাসংক্রান্ত ক্লিনিক্যাল বা ল্যাবরেটরির রোগনির্ণয় কৌশল দ্বারা প্রদর্শনযোগ্য বৈকল্য, যা স্বাভাবিক শারীরিক ক্রিয়াতে বাধা দেয়; অথবা (b) বা এ ধরনের কোন বৈকল্যের রেকর্ড; কিংবা (c) এমন একটি অবস্থা যাকে অন্যদের দ্বারা বৈকল্য বলে বিবেচনা করেন।

জাতিগত পরিচয়/জাতীয় উৎপত্তি: প্রকৃত অথবা অনুমিত জাতীয় উৎপত্তি অথবা জাতিগত পরিচয়। রাষ্ট্রিক উতপত্তি জাতি/বর্ণ অথবা ধর্ম/কৃষ্টি থেকে আলাদা কারণ বিভিন্ন জাতি এবং ধর্মের মানুষ অথবা তাদের পূর্বপুরুষেরা এক রাষ্ট্র থেকে আসতে পারেন। “রাষ্ট্রিক উৎপত্তি” কথাটি অভিন্ন উত্তরাধিকার, ঐতিহ্য অথবা প্রেক্ষাপটের সকল রাষ্ট্রীয় গোষ্ঠী, অথবা গোষ্ঠীর সদস্যদের অন্তর্ভুক্ত করে; এটি সেসব ব্যক্তিকেও অন্তর্ভুক্ত করে যারা কোন নির্দিষ্ট রাষ্ট্রিক উৎপত্তির ব্যক্তি বা ব্যক্তিদের সঙ্গে বৌহিক সম্পর্কে আবদ্ধ।

লিঙ্গ: প্রকৃত অথবা অনুমিত লিঙ্গ, গর্ভাবস্থা, অথবা গর্ভাবস্থা বা সন্তান জন্মদান সম্পর্কিত কোন অবস্থা। যৌন হয়রানি লৈঙ্গিক বৈষম্যের বিরুদ্ধে নিষেধাজ্ঞার অন্তর্গত।

“লিঙ্গ” শব্দটি একজন ব্যক্তির প্রকৃত বা ধারণাকৃত লৈঙ্গিক পরিচিতি এবং লৈঙ্গিক অভিব্যক্তি, অর্থাৎ তাদের আত্মপ্রতিকৃতি, উপস্থাপন, আচরণ বা সে ব্যক্তির সাথে জন্মকালে প্রদত্ত লৈঙ্গিক পরিচিতি বিবেচনা ছাড়াই অন্যান্য লিঙ্গ-সংশ্লিষ্ট বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত করে। লিঙ্গ বৈষম্যের অন্তর্ভুক্ত আছে, তবে তা এতেই সীমাবদ্ধ নয়- এমনভাবে নাম বা

Department of Education

সর্বনাম ব্যবহার করা (যেমন ইচ্ছাকৃতভাবে এমন সর্বনাম ব্যবহার করা যা স্কুলে বা অন্যান্য DOE প্রোগ্রাম বা কর্মকাণ্ডে স্বীকৃত) যা শিক্ষার্থীর লৈঙ্গিক পরিচিতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

জাতি/বর্ণ: প্রকৃত অথবা অনুমিত জাতি অথবা বর্ণ। জাতি-এর মধ্যে রয়েছে জাতির সাথে ঐতিহাসিকভাবে সম্বন্ধযুক্ত চারিত্রিক বৈশিষ্ট, যার মধ্যে আছে তবে এতেই সীমাবদ্ধ নয়- চুলের গঠন ও সুরক্ষিত কেশবিন্যাশ। সুরক্ষিত কেশবিন্যাশের অন্তর্ভুক্ত করতে হবে, তবে তা এতেই সীমাবদ্ধ নয়- বেণী বাঁধা, ঝুলতে থাকা বা প্যাঁচানো।

ধর্ম/কৃষ্টি: প্রকৃত অথবা অনুমিত ধর্ম অথবা কৃষ্টি (মৌলিক বিশ্বাস সমষ্টি, তা কোন ধর্ম হোক বা না হোক)।

যৌন পক্ষপাত (সেক্সুয়াল ওরিয়েন্টেশন)**:** প্রকৃত বা অনুমিত যৌন পক্ষপাত। যৌন পক্ষপাত শব্দের অর্থ কোনো ব্যক্তির প্রকৃত বা ধরে নেওয়া রোমান্টিক, শারীরিক, বা লিঙ্গের ভিত্তিতে অপরের প্রতি দৈহিক বা যৌন আকর্ষণ থাকা, কিংবা না থাকা। যৌন পক্ষপাতের একটি বিস্তৃত পরিসর রয়েছে এবং তা বহুকামীতা, সমকামীতাকে অন্তর্ভুক্ত করে, তবে তা এগুলোর মধ্যেই সীমিত নয়।

ওজন: প্রকৃত অথবা অনুমিত ওজন।